**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সম্পত্তি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৩.১৮.০০৬.১৩-২০

তারিখঃ ১৪ জানুয়ারী ২০১৫ খ্রিস্টাব্দ
০১ মাঘ ১৪২১ বঙ্গাব্দ

# প্রজ্ঞাপন

## সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন মহাসড়কের পার্শ্বে বেসরকারী উদ্যোগে আকর্ষণীয় ও উন্নত মানের কিলোমিটার ফলক স্থাপন গাইড লাইনস

**ভূমিকা:**

প্রত্যাশিত আর্থ-সামাজিক উন্নয়নের অনুকূলে টেকসই, নিরাপদ ও মানসম্মত সড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপর জনগণের আস্থা দৃঢ় হয়েছে। বিদ্যমান সড়ক নেটওয়ার্ক আরও উন্নত করার নিমিত্ত বিদ্যমান সড়ক নেটওয়ার্কের লাগাতার সংরক্ষণ ও মেরামত এবং সম্প্রসারণ ও উন্নয়নের কাজ চলছে।

**মহাসড়ক**:

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় সমগ্র দেশে বিভিন্ন শ্রেণীর মোট প্রায় ২১,৫৭১ কিলোমিটার মহাসড়ক রয়েছে। সড়কপথ নিরাপদ ও সহজভাবে ব্যবহারের জন্য মহাসড়ক গুলোতে সাইন সিগনাল ব্যবহার করা হয়। দূরত্ব নির্দেশক মাইল ফলক তার মধ্যে অন্যতম। মাইলফলকসমূহ বর্তমানে আরসিসি পাকা অবকাঠামো দ্বারা নির্মিত। এসমস্ত মাইল ফলক নির্মাণ ও স্থাপন এবং বিভিন্ন সময়ে মেরামত ও সংস্কার করার জন্য রক্ষণাবেক্ষণ খাত হতে অর্থ ব্যয় করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তর এগুলো নিয়মিতভাবে সংরক্ষণ ও মেরামতের কাজ করে থাকে।

০২. সাম্প্রতিককালে কিছু কিছু বেসরকারী প্রতিষ্ঠান তাদের বিজ্ঞাপন প্রদর্শনের মাধ্যমে মাইলফলক স্থাপনের জন্য প্রস্তাব করছে। বেসরকারী ব্যবস্থাপনায় এসব মাইল ফলক নির্মাণ ও সংরক্ষণ করা গেলে এ খাতে সরকারের অর্থ সাশ্রয় হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া, এ কাজে সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তাদের মূল্যবান সময় ও শ্রম ব্যবহার করার প্রয়োজন হবে না। কিন্তু বেসরকারী প্রতিষ্ঠান দিয়ে এ সব মাইল ফলক নির্মাণ ও ব্যবস্থাপনার বিষয়ে কোন নীতিমালা বা গাইডলাইন সরকারের নেই। তাই সরকারি অর্থ সাশ্রয় করে বেসরকারী বিনিয়োগে মহাসড়কে মাইলফলক স্থাপনের একটি গাইড লাইন থাকা আবশ্যক। এতদ্দুদেশ্যে এ গাইড লাইন প্রণয়ন করা হল।

৩.১ সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়কের পার্শ্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) স্থাপন করা যেতে পারে। বর্তমানে জাতীয় মহাসড়কের পার্শ্বে অবস্থিত কিলোমিটার ফলকসমূহের অবস্থান বিভিন্ন সড়কের Location Reference Point (LRP) হিসাবে সড়ক ও জনপথ অধিদপ্তরের Database এ অন্তর্ভুক্ত আছে। এ কারণে কিলোমিটার/ডিসটেন্স মার্কর (DM) সমূহ নির্দিষ্ট Location Reference Point (LRP) নিশ্চিত করে স্থাপন করতে হবে।





Fig: KM MARKER (DM) (Staggerd Way)

৩.২ চিত্রে প্রদর্শিত উপায়ে প্রতি Alternate Km এ (২ কিলোমিটার পর পর) Staggerd way অর্থাৎ এক পার্শ্বে জোড় সংখ্যার (যেমনঃ ২ কিলোমিটার, ৪ কিলোমিটার) এবং অপর পার্শ্বে বিজোড় সংখ্যার (যেমনঃ ১ কিলোমটার, ৩ কিলোমটার) কিলোমটার/ডিসটেন্স মার্কার (DM) স্থাপন করা হবে। উল্লেখ্য, যেসব স্থানে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে Staggerd way–তে কিলোমিটার পোষ্ট স্থাপিত হয়েছে, সে সব স্থানে ধারাবাহিকতার জন্য নতুন কিলোমিটার মার্কার (DM) প্রতিস্থাপন করা যেতে পারে। তবে প্রয়োজনীয় ক্ষেত্রে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর-এর পূর্বানুমতি নিয়ে জাতীয় মহাসড়কের উভয় পার্শ্বে কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) স্থাপন করা যেতে পারে।

৩.৩ কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) নির্মাণের ক্ষেত্রে Traffic Sign Manual 1 & 2 এ অনুমোদিত ফলকের Size, Thickness, Color, Construction Material ইত্যাদি নির্দেশনা যথাযথ মেনে চলতে হবে।

৩.৪ কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও Advanced Direction Sign, Route Confirmation Sign ফলকে বিজ্ঞাপনের জন্য সর্বোচ্চ এক-তৃতীয়াংশ ব্যবহার করা যাবে।

৩.৫ Warning and Regulatory Sign সমূহ সড়ক দূর্ঘটনা হ্রাসের জন্য সর্তকতা মূলক তথ্য সমৃদ্ধ হয়ে থাকে। অনেক ক্ষেত্রে নিচের Supplementary Plate-এ Sign এর বিবরণ দেয়া থাকে, যাতে তা চালকের জন্য সহজে বোধগম্য হয় (যেমন সামনে বাঁক, গতি কমান ইত্যাদি)। ফলে এর সাথে বিজ্ঞাপনযুক্ত করলে তা চালকের মনঃসংযোগ ব্যাহত করতে পারে। সুতরাং Warning and Regulatory Sign এর ক্ষেত্রে বিজ্ঞাপন ব্যবহার করা যাবে না।

৩.৬ চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান শুধুমাত্র Traffic Sign Manual 1 & 2 -এ অনুমোদিত ডিজাইন অনুযায়ী কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) নির্মাণ করতে পারবে। অনুমোদিত নক্সার কোন প্রকার পরিবর্তন ও পরিবর্ধন করতে হলে Traffic Sign Manual অনুযায়ী প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর-এর অনুমোদন গ্রহণ করতে হবে।

৩.৭ যানচালকদের দৃষ্টিকে বিভ্রান্ত করতে পারে বিজ্ঞাপনে এমন আলো, রং, ছবি বা অন্য কোন কিছু লাগানো যাবে না।

৩.৮ কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) এবং বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) এর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা প্রকৌশলগত ভাবে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কর্তৃক প্রত্যায়িত হতে হবে।

৩.৯ Advanced Direction Sign (Mounted Overhead) এর ক্ষেত্রে ফলকের উপরের অংশে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দেওয়া যাবে। বিজ্ঞাপনের জন্য সর্বোচ্চ এক-তৃতীয়াংশ ব্যবহার করা যাবে।

৩.১০ কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) এমনভাবে নির্মাণ করা যাবে না, যাতে ঝুঁকিপূর্ণ স্থান, গুরুত্বপূর্ণ স্থাপনা (মসজিদ, স্কুল, শিল্প প্রতিষ্ঠান ইত্যাদি) এর পার্শ্ববর্তী স্থানে দুর্ঘটনা এড়ানোর নিমিত্ত ইতোমধ্যে স্থাপিত সতর্কতামূলক সাইন দেখতে Road User-গণ বাঁধাগ্রস্থ হন।

৩.১১ কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলকে (Vertical/ Overhead) চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের মনোনীত কোম্পানীর বিজ্ঞাপন ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠানের বিজ্ঞাপন/লেখা সংযুক্ত করা যাবে না।

৩.১২ চুক্তিবদ্ধ হওয়ার পর চুক্তি বাতিল না করা পর্যন্ত নিঃশর্তভাবে সরকারী বিধান অনুযায়ী চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) নির্মাণ ও মেরামত করতে বাধ্য থাকবে।

৩.১৩ এমন কোন বিজ্ঞাপন স্থাপন করা যাবে না যা সরকারী নীতিমালা বা ধর্মীয় অনুভূতির পরিপন্থী। প্রদর্শিত বিজ্ঞাপন রুচিশীল হতে হবে। কোন প্রকার অশ্লীল ও দৃষ্টিকে বিভ্রান্ত বা আকৃষ্ট করে বা করতে পারে এইরূপ ছবি/ স্কেচ/ লেখা বিজ্ঞাপনে প্রদর্শন করা যাবে না।

৩.১৪ বছরে ন্যূনতম একবার এবং প্রয়োজন অনুযায়ী কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) সংস্কার ও মেরামত করে দৃষ্টি নন্দন রাখতে হবে।

৩.১৫ কোন কারণে কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) ক্ষতিগ্রস্থ হলে ১৫ (পণের) দিনের মধ্যে তা পুনঃনির্মাণ/মেরামত করতে হবে।

৩.১৬ মহাসড়কের পার্শ্বে বেসরকারী উদ্যোগে আকর্ষনীয় ও উন্নত মানের কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) স্থাপনের উদ্দেশ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে উন্মুক্ত পদ্ধতিতে দরখাস্ত আহ্বান করা হবে। প্রাপ্ত আবেদন/আবেদনসমূহ উপযুক্ত যাচাই-বাছাই সাপেক্ষে সর্বোচ্চ যোগ্যতা সম্পন্ন এক বা একাধিক প্রতিষ্ঠান-কে কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) স্থাপনের অনুমতি প্রদান করা যাবে। তবে কোন প্রতিষ্ঠানের অনুকূলে অনুমতি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদান করা হবে না। বিজ্ঞাপনে কয়টি প্রতিষ্ঠানকে কিলোমিটার ফলক স্থাপনের/নির্মাণের অনুমতি প্রদান করা হবে এবং আবেদনের শর্তসহ প্রতিষ্ঠানের কি কি যোগ্যতা থাকতে হবে সে সংক্রান্ত বিস্তারিত বিবরণ উল্লেখ থাকতে হবে। আবেদনপত্রসমূহ প্রয়োজনীয় কাজগপত্রসহ যাচাই-বাছাইয়ের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর হতে "কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) স্থাপনের নিমিত্ত উপযুক্ত প্রতিষ্ঠান নির্ধারণ কমিটি" এর নিকট প্রেরণ করা হবে। উক্ত কমিটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত হবে। কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রতিষ্ঠানের সাথে নির্দিষ্ট মেয়াদের জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর চুক্তি স্বাক্ষর করবেন।

৩.১৭ একটি মাত্র প্রতিষ্ঠানও যদি আবেদনপত্র দাখিল করে এবং কমিটি কর্তৃক মূল্যায়নে তা গ্রহণযোগ্য (Responsive) হিসেবে বিবেচিত হয়, সে প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা যাবে।

৩.১৮ চুক্তির মেয়াদ সাধারণত ৫(পাঁচ) বছর হবে এবং মেয়াদান্তে তা সরকারী সম্পদ হিসাবে গণ্য হবে। তবে ৫(পাঁচ) বছর অতিক্রান্তের পর কিলোমিটার ফলক স্থাপনকারী প্রতিষ্ঠানের কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমতি নিয়ে পুনরায় ৫(পাঁচ) বৎসরের জন্য চুক্তি নবায়ন করা যেতে পারে।

৩.১৯ যুক্তিসঙ্গত কারণে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী সময় নির্ধারণ করে কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) মেরামত ও রক্ষণাবেক্ষণের নির্দেশ প্রদান করলে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান তা মেরামত ও সংরক্ষণ করতে বাধ্য থাকবে। অন্যথায় চুক্তির বরখেলাফ (Breach of Contract) হিসেবে বিবেচিত হবে এবং বিনা ক্ষতিপূরণে চুক্তি বাতিল করা যাবে।

৩.২০ সড়ক নির্মাণের প্রয়োজনে যে কোন সময়ে ফলক অপসারণ করা যাবে এবং চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান নিজ খরচে পুনরায় ফলক নির্মাণ করবে। সড়ক ও জনপথ অধিদপ্তর সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পূর্বানুমতি গ্রহণ করে মহাসড়ক সংস্কার ও মেরামত এবং উন্নয়ন ও সম্প্রসারণের জন্য জনস্বার্থে স্থাপিত কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) অপসারন করতে পারবে। এ জন্য কোন প্রকার ওজর আপত্তি বা ক্ষতিপূরণ দাবি করা যাবে না এবং কোন আদালতে মামলা দায়ের করা যাবে না। তবে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদকালের মধ্যে মহাসড়ক উন্নয়ন কাজ সম্পন্ন হলে নিজ খরচে পুনরায় কিলোমিটার/ডিসটেন্স মার্কার (DM) ও বিভিন্ন Sign সম্বলিত ফলক (Vertical/ Overhead) নির্মাণ করতে পারবে।

০৪. গাইড লাইনটি সরকারী গেজেটে প্রকাশের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/
(মোঃ গোলাম জিলানী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৮২২২৭
sasestate@rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৩.১৮.০০৬.১৩-২০

তারিখঃ ১৪ জানুয়ারী ২০১৫ খ্রিস্টাব্দ
০১ মাঘ ১৪২১ বঙ্গাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ রাজশাহী/ গোপালগঞ্জ/ খুলনা জোন
০৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। উক্ত গাইড লাইনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় জরুরী ভিত্তিতে প্রকাশ করাসহ প্রকাশিত গেজেটের ২০০ (দুইশত) কপি এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল
০৬. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
(ওয়েবে প্রকাশের অনুরোধসহ)

১৪.১.১৫
(মোঃ গোলাম জিলানী)
সহকারী সচিব